

এসে
য়া।
দের
মাস।
৪৩।
তে
বয়ে
বার
ানা
গয়া
বা-
য়ে
ঁরা
না
ওই
সর
ঠক
ীর
মে
ক।
ক।
দর
য়,
য়ে
ল

খামার গড়তে জমি রাজ্যের

নিজস্ব সংবাদদাতা

কৃষ্ণনগর: হাঁস-মুরগির বড় খামার করতে উদ্যোগপতিদের জমি দেবে সরকার। নদিয়া জেলায় ১২টি ব্লকে এক লাগু প্রায় দুই একর করে জমি চিহ্নিত করেছে জেলা প্রশাসন। ওই জমি উদ্যোগপতিদের দেওয়া হবে।

কয়েকদিন আগে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় কৃষ্ণনগরে প্রশাসনিক বৈঠকে এসে ব্যবসায়ী উদ্দেশ্যে বলেছিলেন, “রাজ্যে ডিমের উৎপাদন বাড়ানোর উদ্যোগ নিয়েছি। হাঁস-মুরগির খামার করতে আপনারা এগিয়ে আসুন। সরকার জমি দেবে। এর ফলে একদিকে ডিমের উৎপাদন বাড়বে। অন্যদিকে কর্মসংস্থানও হবে।”

প্রাণীসম্পদ বিকাশ দফতর সূত্রে জানা গিয়েছে, জেলায় ১২টি ব্লকে

খামার তৈরির জন্য জমি চিহ্নিত করা হয়েছে।

নদিয়া জেলা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সম্পাদক গোকুলবিহারী সাহা বলছেন, “মুরগির খামার করার জন্য সরকার জমি দেবে। যারা এই ধরনের ব্যবসার সঙ্গে যুক্তদের খামার করতে এগিয়ে আসার কথা বলব। শীঘ্রই এ বিষয়ে জেলা প্রশাসনের সাথে বৈঠক করব।” জেলাশাসক সুমিত গুপ্ত বলেন, “উদ্যোগপতিরা আমাদের কাছে আবেদন করবেন। সেই আবেদন রাজ্যে পাঠানো হবে। এ বিষয়ে যা হওয়ার রাজ্য থেকে হবে।”

প্রাণী সম্পদ বিকাশ দফতরের নদিয়ার উপঅধিকর্তা মৃগালকান্তি সমাদ্দার বলছেন, “উদ্যোগপতিদের জমি দেওয়া হবে বলে প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেছেন। কিন্তু কী

ভাবে জমি দেওয়া হবে, সে বিষয়ে এখনও আমাদের দফতর থেকে রূপরেখা আসেনি।”

জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, মাস খানেক আগে রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ দফতর থেকে প্রতিটি ব্লকে দুই একর করে সরকারি জমি চিহ্নিত করার নির্দেশ দেওয়া হয়েছিল। ওই জমি হাঁস-মুরগির খামার করার জন্য চিহ্নিত করতে বলা হয়েছিল।

নির্দেশ পাওয়ার পর নদিয়া জেলা প্রশাসন ১২টি ব্লকে সরকারি জমি চিহ্নিত করে রাজ্যে পাঠিয়েছে। ওই জমি চিহ্নিত করার নির্দেশ থাকলেও কারা সেখানে খামার করবে, তা পরিষ্কার বলা ছিল না। গত সপ্তাহে মুখ্যমন্ত্রী কৃষ্ণনগরে প্রশাসনিক বৈঠকে এসে বিষয়টি পরিষ্কার করেন।

বু
ত
প
ত
ে
ে
ে
বু
এ
উ
ব
ব
ত
ম
গ

১২-১১

আনন্দবাহুর দায়িত্ব ৯ ই মে ২০১৭



চাকরির প্রশিক্ষণ

নিজস্ব সংবাদদাতা

কৃষ্ণনগর: সংখ্যালঘু এবং অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া পড়ুয়া এবং চাকরিপ্রার্থীদের জন্য আগেই 'কেরিয়ার কাউন্সেলিং সেন্টার' চালু করেছিল একটি স্বেচ্ছাসেবী সংস্থা। এ বার সেই সেন্টার আরও বড় আকারে কাজ শুরু করতে চলেছে। রবিবার কৃষ্ণনগরে কোর্টপাড়ায় নতুন ভাবে এই কেরিয়ার কাউন্সেলিং কেন্দ্রের উদ্বোধন হয়। সেখানে রাজ্যের কারা মন্ত্রী অবনীমোহন জোয়ার্দার, কৃষ্ণনগর পুরসভার চেয়ারম্যান অসীমকুমার সাহা, কৃষ্ণনগর সদরের মহকুমাশাসক ইউনিস রিশিন ইসমাইল প্রমুখ উপস্থিত ছিলেন।

ওই কেন্দ্রের তরফে সারিকুল ইসলাম বলেন, "সংখ্যালঘু এবং অর্থনৈতিক দিক থেকে দুর্বল অন্যান্য ছাত্রছাত্রীদের চাকরিমুখী করতে ২০১৪ সালে 'নদিয়া সংযোগ' নামে একটি সংস্থা গড়ে কেরিয়ার কাউন্সেলিং কেন্দ্র গড়েছিলাম। প্রশাসনের সাহায্যে এ বার ওই কেন্দ্রে আরও বিভিন্ন রকমের বৃত্তিমূলক কোর্স করানো হবে।"

বছর
মাঝে
গাভ
ছাত্রী
দরং
অ্যা
ছাত্রী
প্রথ
পরে
করে
হয়।

মো
এক
তি
বাসি
করে
জান
পরে
বলে
মো
মো

কৃষ্ণ
শি
শো

২০১৮-১৯

২০১৮-১৯

